

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ২৯টি প্রতিষ্ঠানকে ৪.৬২ লক্ষ টাকা জরিমানা**

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৯ জন কর্মকর্তার নেতৃত্বে ২৫ জুন ২০১৬ তারিখে ঢাকা মহানগর, খুলনা, কিশোরগঞ্জ, নাটোরে বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে আলম রেস্টোরা এন্ড মিনি চাইনিস, মা বিরিয়ানী হাউস ও বিসমিল্লাহ হোটেলকে যথাক্রমে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৬,০০০/- (ছয় হাজার) টাকাসহ মোট ৪১,০০০/- (একচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর ওয়ারী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ফার্ম ফ্রেসকে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে বনফুল এন্ড কোংকে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরীর মতিঝিল এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে অতি বেকারী এন্ড ফুড প্রডাক্টসকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ক্যাফে মাওলা সুইটস এন্ড রেস্টুরেন্টকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ৮০,০০০/- (আশি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর দারুস সালাম এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে খাজা হোটেল এন্ড বিরিয়ানী হাউসকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে জেএম এন্টারপ্রাইজ ও জামান বিজনেস স্টোরকে যথাক্রমে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ২৩,০০০ (তেইশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুম কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে ঢাকা মহানগরীর ধানমন্ডি ও মোহাম্মদপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয় ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে ৭টি প্রতিষ্ঠানকে ৫৭,০০০/- (সাতান্ন হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের সাথে ঢাকা মহানগরীর যাত্রাবাড়ী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে হযরত গোলাপ শাহ হোটেল এন্ড রেস্টুরেন্ট ও সূর্যবানু রেস্টুরাকে যথাক্রমে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে নিউ মুসলিম সুইটস হোটেল এন্ড রেস্টুরেন্টকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকাসহ মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনা মহানগরীর সোনাডাঙ্গা ও লবণচেড়া এলাকায় ৩টি প্রতিষ্ঠানকে ৬৫,০০০/- (পয়ষট্টি হাজার) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ইব্রাহীম হোসেনের নেতৃত্বে কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৬,০০০/- (ষোল হাজার) টাকা এবং নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল জব্বার মন্ডলের নেতৃত্বে নাটোর সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার) টাকাসহ মোট ১,১৬,০০০/- (এক লক্ষ ষোল হাজার) টাকা মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও ওজনের কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

গত ২৫ জুন ২০১৬ তারিখে ৯টি বাজার তদারকিতে ২৯টি প্রতিষ্ঠানকে মোট ৪.৬২,০০০/- (চার লক্ষ বাষট্টি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা, র‍্যাভ, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী ও খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, খুলনা, কিশোরগঞ্জ, নাটোর।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, খুলনা, কিশোরগঞ্জ, নাটোর।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।